

শিক্ষা সপ্তাহ-২০১৮

শ্রেষ্ঠ কলেজ, শ্রেষ্ঠ অধ্যক্ষ শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচিত

ইত্তেফাক ডেস্ক

দেশব্যাপী উদযাপিত হচ্ছে শিক্ষা সপ্তাহ-২০১৮। এতে এ বছরে জেলা ও উপজেলাভিত্তিক শ্রেষ্ঠ কলেজ, শ্রেষ্ঠ অধ্যক্ষ, শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচন করা হয়েছে।

গাজীপুর প্রতিনিধি জানান, ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ গাজীপুর জেলার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানের গৌরব অর্জন করেছে। এছাড়াও প্রতিষ্ঠানের অধ্যক্ষ প্রফেসর জেরিনা সুলতানা

জেলার সেরা প্রতিষ্ঠান প্রধান ও হিসাব বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর বি এম আব্দুল হামান শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক নির্বাচিত হয়েছেন। বৃহস্পতিবার জেলা প্রশাসক ও জাতীয়

শিক্ষা সপ্তাহ-২০১৮ উদযাপন কর্মসূচির আহ্বায়ক ড. দেওয়ান মোহাম্মদ হুমায়ুন কবীর এক চিঠিতে কলেজ কর্তৃপক্ষকে এ তথ্য জানান বলে জানিয়েছেন কলেজ অধ্যক্ষ জেরিনা সুলতানা।

আড়াইহাজার (নারায়ণগঞ্জ) সংবাদদাতা জানান, নারায়ণগঞ্জ জেলার শ্রেষ্ঠ অধ্যক্ষ নির্বাচিত

হয়েছেন প্রফেসর বেলা রানী সিংহ। তিনি আড়াইহাজার সরকারি সফর আলী কলেজে অধ্যক্ষ হিসেবে কর্মরত। ২০১৮ সালের জাতীয় শিক্ষা সপ্তাহে তিনি শ্রেষ্ঠ অধ্যক্ষ নির্বাচিত হন। এর আগে তিনি আড়াইহাজার উপজেলার শ্রেষ্ঠ অধ্যক্ষ নির্বাচিত হয়েছিলেন।

প্রফেসর বেলা রানী সিংহ ২৯ অক্টোবর ২০১৬ সালে উক্ত কলেজে যোগদান করার পর শিক্ষার মানসহ বিভিন্ন উন্নয়ন করে শিক্ষার মান বৃদ্ধি

দোহার-নবাবগঞ্জ (ঢাকা) সংবাদদাতা জানান, শিক্ষা সপ্তাহ-২০১৮ তে ঢাকার নবাবগঞ্জ উপজেলায় দ্বিতীয় বারের মতো শ্রেষ্ঠ অধ্যক্ষ নির্বাচিত হয়েছেন শিকারীপাড়া তোফাজ্জল হোসেন চৌধুরী কলেজের অধ্যক্ষ ড. মো. আলমাস আলী খান। মঙ্গলবার উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. ফারুক আহমেদ স্থানীয় সাংবাদিকদের এ তথ্য নিশ্চিত করেন। ড. মো. আলমাস আলী খান ২০১৭ সালেও উপজেলার শ্রেষ্ঠ অধ্যক্ষ নির্বাচিত হয়েছিলেন।

মানিকগঞ্জ প্রতিনিধি জানান, জাতীয় শিক্ষা সপ্তাহ-২০১৮ এ মানিকগঞ্জ জেলার শিবালয় উপজেলার মহাদেবপুর ইউনিয়ন ডিগ্রি কলেজের হিসাববিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান মোহাম্মদ আমিনুর রহমান

অঙ্গন জেলার শ্রেষ্ঠ কলেজ শিক্ষক নির্বাচিত হয়েছেন। আমিনুর রহমান অঙ্গন ২০১০ সালে উক্ত কলেজে হিসাববিজ্ঞান বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন। এছাড়া তিনি শিবালয় উপজেলার মহাদেবপুর ইউনিয়ন ডিগ্রি কলেজের শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদকের দায়িত্বে আছেন।



জেরিনা সুলতানা



বিএম আব্দুল হামান



বেলা রানী সিংহ



মো. আলমাস আলী খান

করেন। তিনি মানিকগঞ্জ ঘিওর উপজেলার বাসিন্দা। তার স্বামী কাশেম ড্রাই সেলশ লিঃ এর জিএম হিসেবে কর্মরত। জেলা পর্যায়ে শ্রেষ্ঠ অধ্যক্ষ নির্বাচিত হওয়ায় স্থানীয় এমপি নজরুল ইসলাম বাবু ও কলেজের সকল শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র নেতৃবৃন্দ তাকে অভিনন্দন জানান।

মানসেইস পরিচালকের কার্যালয়	
প্রতি নং
তারিখ
ডায়েরী নং
ক্রমিক নং
স্বাক্ষর
তারিখ